

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ৩১, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শাখা-৫
প্রজ্ঞাপন

তারিখ, ৯ পৌষ ১৪১৪/২৩ ডিসেম্বর ২০০৭

এস, আর, ও নং ২৯৪-আইন/২০০৭।—ব্রিটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানীর “কুষ্টিয়া লীফ ফ্যাক্টরী” এর তামাক প্রক্রিয়াজাতকরণের কার্যক্রম বৎসরে আনুমানিক ১২৫ কর্মদিবস (এপ্রিল হইতে আগস্ট যাহা তামাক ক্রয়ের উপর নির্ভরশীল) বিধায় উক্ত কারখানাকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩২৮ এর বিধান অনুসারে মৌসুমী কারখানা হিসাবে ঘোষণা করা যায়; এবং

যেহেতু, কারখানাটিতে বৎসরে ১২৫ কর্মদিবসের অধিক কোন উৎপাদন প্রক্রিয়া চালু থাকে না এবং কেবল কোন বিশেষ মৌসুম ছাড়া অন্য কোন সময় অথবা প্রাকৃতিক পরিবেশের অনিশ্চয়তা হেতু উৎপাদন চালু রাখা সম্ভব নহে;

সেহেতু, উক্ত আইনের ধারা ৩২৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ব্রিটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানীর “কুষ্টিয়া লীফ ফ্যাক্টরী” কে মৌসুমী কারখানা হিসাবে ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আমিনুল ইসলাম
উপ-সচিব (শ্রম)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসনে, (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৮৯৮৩)

মূল্য : টাকা ২.০০